Raniganj Girls' College
Department of History
Sixth Semester Core Paper (601) for Honours
<u>Paper Name: War and Diplomacy(1914-1945)</u>

1.Which period is known as the Age of Imperialism in Europe and why?

১। ইউরোপের কোন্ সময়কালকে 'সাম্রাজ্যবাদের যুগ' বলা হয় এবং কেন?

---১৮৭০ খৃষ্টাব্দ থেকে ১৯১৪ খৃষ্টাব্দ এই সময়কাল সাম্রাজ্যবাদের যুগ নামে পরিচিত। এই সময়কালে পশ্চিম ইউরোপীয় দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্র বাজার দখলের জন্য নগ্ন ঔপনিবেশিক সাম্রাজ্য বিস্তারের প্রতিযোগিতায় অবতীর্ন হয়েছিল। এশিয়া-আফ্রিকা-ল্যাতিন আমেরিকার জনগনকে অবজ্ঞা ও উপেক্ষা করে এই দেশগুলি নিজেদের শক্তি প্রদর্শন করে এবং ঐ দেশগুলিতে নিজেদের রাজনৈতিক ও অর্থনৈতিক আধিপত্য স্থাপন করতে উদ্গ্রীব হয়েছিল। এই অন্ধ-প্রতিযোগিতার চরম পরিণতি ছিল প্রথম বিশ্বযুদ্ধ।

2. What was the *Welt Politik*? Who advocated it?

২। 'ওয়েল্ট পলিটিক' কী? এর প্রবক্তা কে ছিলেন?

---জার্মানীর কাইজার দ্বিতীয় উইলিয়ামের আক্রমণাত্মক ও সাম্রাজ্যবাদী নীতি 'ওয়েল্ট পলিটিক' বা 'বিশ্ব-রাজনীতি' নামে ইতিহাসে পরিচিত। বিসমার্কের বাস্তব্বাদী রাজনীতি বা রিয়েল পলিটিক্সের পরিবর্তে কাইজার জার্মানীর ভৌমিক-সাম্রাজ্য বা ঔপনিবেশিক সাম্রাজ্য বিস্তার, শক্তিশালী নৌ-বাহিনীর গঠন, জার্মানীর জন্য বাজার-দখল প্রভৃতির প্রয়োজনীয়তা আছে বলে ঘোষণা করেন এবং যে নীতি গ্রহন করেন তাকেই 'ওয়েল্ট পলিটিক' বা 'বিশ্ব-রাজনীতি' বলা হয়।

3. In which year and between whom was the Triple Alliance signed?

৩। কোন্ বৎসর এবং কাদের মধ্যে ত্রিশক্তি চুক্তি (ট্রিপল এলায়েন্স) স্বাক্ষরিত হয়?

---জার্মানী,অষ্ট্রিয়া ও ইটালীর মধ্যে ত্রিশক্তি চুক্তি বা ট্রিপল এলায়েন্স ১৮৮২খৃঃ স্বাক্ষরিত হয়েছিল।

4. Who was sent the 'Kruger Telegram'? The ego of which power was hurt by the telegram?

৪।'ক্রুগার তারবার্তা' কে পাঠিয়েছিলেন? তারবার্তাটি কোন শক্তির অহংবোধে আঘাত হেনেছিল?

--- ১৮৯৬ সালের ৩রা জানুয়ারী জার্মান সম্রাট দ্বিতীয় উইলিয়াম ট্রান্সভালের (বা দক্ষিণ আফ্রিকার প্রজাতন্ত্র) প্রেসিডেন্ট পল ক্রুগারকে শুভেচ্ছা বার্তা জানান একটি টেলিগ্রামের মারফৎ যা উইরোপের ইতিহাসে 'ক্রুগার টেলিগ্রাম' নামে বিখ্যাত। এই শুভেচ্ছা বার্তাটি পাঠিয়েছিলেন বৃটিশ-নিয়ন্ত্রিত কেপ কলোনী যখন ট্রান্সভাল আক্রমণ করে ব্যর্থ হয়। এই টেলিগ্রাম বৃটিশ বা ইংরেজ শক্তির অহংবোধে আঘাত হেনেছিল।

5. In which year did the first Moroccan crisis arise?

৫।প্রথম মরক্কো সংকট কোন্ বছর উদ্ভূত হয়েছিল?

---১৯০৫ সালে মরক্কো সংকট উদ্ভুত হয়েছিল। মরক্কো আফ্রিকার উত্তর-পশিমাংশে অবস্থিত খনিজ সম্পদে সমৃদ্ধ একটি স্বাধীন রাষ্ট্র ছিল। ১৯০৪ সালে ইঙ্গ-ফ্রান্স চুক্তি অনুযায়ী মরক্কোর উপর ফ্রান্স এবং মিশরের উপর ইংল্যান্ডের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। কিন্তু ১৯০৫ সালে জার্মান সম্রাট মরক্কোতে জার্মান প্রাধান্য বিস্তারের চেষ্টা করলে ফরাসী স্বার্থে আঘাত লাগে এবং ফ্রাঙ্কো-জার্মান যুদ্ধের উপক্রম হয়, দেখা দেয় প্রথম মরক্কো সংকট। অবশেষে ১৯০৯ সালে ফ্রান্স ও জার্মানীর মধ্যে এক চুক্তির দ্বারা স্থির হয় যে, ফ্রান্স মরক্কোয় জার্মানীর বিশেষ অর্থনৈতিক স্বার্থ এবং জার্মানী ফ্রান্সের রাজনৈতিক স্বার্থকে স্বীকৃতি দেবে।

6. What was the Agade Crisis?

৬। আগাদির সংকট কী?

--১৯০৯ সালের ফ্রাঙ্কো-জার্মান সমঝোতা কাইজার দ্বিতীয় উইলিয়ামকে সন্তুষ্ট করতে পারেনি। মরক্কোর উপর ফরাসী প্রভাব কাইজারের অসন্তোষের কারণ হিসাবে দেখা দেয়। ১৯১১ সালে মরক্কোর রাজধানী ফেজ শহরে উপজাতি বিদ্রোহ ঘটলে ফ্রান্স তার ফরাসী নাগরিকদের নিরাপত্তার খাতিরে ফেজ শহর অধিকার করে নেয়। এই ঘটনা কাইজারকে উত্তেজিত করে তোলে। তিনি জার্মান ও রুশ নাগরিকদের নিরাপত্তার অজুহাতে ১৯১১ সালে জার্মানী আগাদি বন্দরে 'প্যান্থার' নামক যুদ্ধ জাহাজ পাঠালে পুণরায় ফ্রান্স ও জার্মানীর মধ্যে যুদ্ধের সম্ভাবনা তৈরী হয়। ইংল্যান্ডও ফ্রান্সের সমর্থনে একটি যুদ্ধ জাহাজ প্রেরণ করে। ফলস্বরূপ মরক্কোতে যুদ্ধের পরিস্থিতি তৈরী হয়। এই ঘটনা ইতিহাসে 'আগাদির সংকট' নামে পরিচিত।

7. Name the German warship that arrived at Agadir  during the third Morrocan crisis.
৭। তৃতীয় মরক্কো সংকটকালে যে জার্মান যুদ্ধজাহাজ আগাদির বন্দরে এসে পৌঁছেছিল, সেটির নাম লেখ।
---তৃতীয় মরক্কো সংকটকালে যে জার্মান যুদ্ধজাহাজ আগাদির বন্দরে এসে পৌঁছেছিল, সেটির নাম 'প্যান্থার'।

8. In which year was the Haldane Mission sent?
৮। হ্যাল্ডেন দৌত্য কোন্ সালে প্রেরিত হয়েছিল?
--- ১৯১২ সালের ৮-১২ই ফেব্রুয়ারী হ্যাল্ডেন দৌত্য প্রেরিত হয়েছিল।

9. Who was Gavrilo Princip?
৯। গ্যাভ্রিলো প্রিন্সিপ কে ছিলেন?
--- শ্লাভ-সন্ত্রাসবাদী সংস্থা 'ব্ল্যাক হ্যান্ড' বা 'ইউনিয়ন অফ ডেথ'-এর সদস্য ছিলেন গ্যাভ্রিলো প্রিন্সিপ। অস্ট্রো-হাঙ্গেরীয় সাম্রাজ্যের ভবিষ্যত উত্তরাধিকারী ফ্রান্সিস ফার্দিনান্দ ও তার স্ত্রী বসনিয়ার রাজধানী সেরাজেভো পরিদর্শনের সময় তার হাতে নিহত হন। এই ঘটনা ছিল অস্ট্রিয়া-সার্বিয়া শত্রুতার চরম বহিঃপ্রকাশ।

10. In which year was Entente Cordial signed and between whom?
১০। কোন সালে এবং কাদের মধ্যে 'আঁতাত কর্ডিয়াল' স্বাক্ষরিত হয়েছিল?
---জার্মানীর ঔপনিবেশিক উদ্দেশ্য ও নৌশক্তি বৃদ্ধির প্রচেষ্টার ফলস্বরূপ ইংল্যান্ড ও ফ্রান্স সুদীর্ঘকালে শত্রুতা ভুলে ১৯০৪খৃঃ স্বাক্ষর করেছিল আঁতাত কর্ডিয়াল

11. Which period in European history is known as the *Age of Armed Peace* and why?
১১। ইউরোপের ইতিহাসে কোন্ সময়কালকে 'সশস্ত্র শান্তির যুগ' বলা হয় এবং কেন?
---১৮৭১ থেকে ১৯১৩ সাল পর্যন্ত (অনেকের মতে ১৮৯০ থেকে ১৯১৩ সাল পর্যন্ত) সময়কালকে 'সশস্ত্র শান্তির যুগ' নামে অভিহিত করা হয়।

12. Of whom Gambetta said, 'His presence in Tunisia is worth an army for France'?
১২। কার সম্পর্কে গ্যাম্বেটা বলেছিলেন, 'টিউনিশিয়ায় ওনার উপস্থিতি ফ্রান্সের পক্ষে একটি সেনাদলের সমতুল্য'?
--- ফরাসী ধর্মপ্রচারক কার্ডিনাল চার্লস এম এ ল্যাভিজেরী সম্পর্কে গ্যাম্বেটা বলেছিলেন, 'টিউনিশিয়ায় ওনার উপস্থিতি ফ্রান্সের পক্ষে একটি সেনাদলের সমতুল্য'।

13. What do you understand by 'Bloody Sunday' in the history of Russia?
১৩। রাশিয়ার ইতিহাসে 'রক্তাক্ত রবিবার' বলতে কি বোঝায়?
--- রুশ-জাপান যুদ্ধে রাশিয়ার পরাজয় শুধু জারতন্ত্রের অন্তঃসারশূন্যতারই প্রকাশ ছিল না, রুশ জনতার বর্দ্ধিত দুর্ভোগেরও কারণ ছিল। নিরুপায় হয়ে ১৯০৫ সালের ৩রা জানুয়ারী সেন্ট পিটার্সবার্গের শ্রমিকরা ধর্মঘট শুরু করেছিল। ২২শে জানুয়ারী, ১৯০৫, রবিবার প্রায় ছয় হাজার শ্রমিক ফাদার গ্যাপন নামক এক ধর্মযাজকের নেতৃত্বে জারের শীত-কালীন প্রাসাদ অভিমুখে যাত্রা করেছিল কিছু দাবী-দাওয়া সম্বলিত আবেদন পত্র সহ। কিন্তু জার দ্বিতীয় নিকোলাসের পুলিশ নির্বিচারে এই নিরস্ত্র জনতার উপর গুলি চালিয়ে প্রায় এক হাজার শ্রমিককে হত্যা করেছিল। আহত হয়েছিল প্রায় দু'হাজার শ্রমিক। এই ঘটনা রাশিয়ার ইতিহাসে 'রক্তাক্ত রবিবার' নামে পরিচিত।

14. What was Stolypin Reaction?
১৪। স্টলিপিন প্রতিক্রিয়া কি ছিল?
--- ১৯০৫সালের বিপ্লবের ব্যর্থতার পর জার দ্বিতীয় নিকোলাসের প্রধানমন্ত্রী পিটার স্টলিপিন-এর নেতৃত্বে রাশিয়ায় সন্ত্রাসের শাসন প্রতিষ্ঠিত হয়েছিল। বলশেভিক দলের অসংখ্য কর্মী ও নেতাকে সাইবেরিয়া বা অন্য জায়গায় নির্বাসিত করা হয়েছিল। জেল থেকে দাগি আসামিদের মুক্তি দিয়ে তাদের জার-বিরোধী কৃষক-শ্রমিকদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হয়। 'ব্ল্যাক হান্ড্রেড' (Black Hundred) নামে পরিচিত এই কুখ্যাত অপরাধিরা স্টলিপিনের আদেশে রাশিয়ায় চরম সন্ত্রাস সৃষ্টি করেছিল। ১৯০৬ থেকে ১৯১১ –এই সময়কাল রাশিয়ার ইতিহাসে Reign of Black Hundred Terror বা 'স্টলিপিন প্রতিক্রিয়া' নামে পরিচিত হয়ে আছে।

15. Who were Bolsheviks and Mensheviks?

১৫। বলশেভিক ও মেনশেভিক কারা?

---১৮৯৮ সালে মার্ক্সবাদে উদ্বুদ্ধ 'সোস্যাল ডেমোক্রেটিক' দল বা Russian Social Democratic Labour Party (RSDLP)প্রতিষ্ঠিত হয়েছিল। পরে ১৯০৩ সালে এই দল ভেঙে চরমপন্থী 'বলশেভিক' (সংখ্যা গরিষ্ঠ) ও নরমপন্থী 'মেনশেভিক' (সংখ্যা লঘিষ্ঠ) নামে দুটি রাজনৈতিক দলের জন্ম হয়েছিল।

16. What is 'Iskra'? What is the meaning of the term 'Iskra'?

১৬। 'ইস্ক্রা' কী? 'ইস্ক্রা' শব্দের অর্থ কী?

---লেনিন ১৯০০ সালের ১লা ডিসেম্বর সুইৎজারল্যান্ডে থাকাকালীন সময়ে লিপ্‌জিগ্‌ থেকে 'ইস্ক্রা' নামে একটি পত্রিকা প্রকাশ করেছিলেন। এই পত্রিকা ছিল রাশিয়ার সোস্যাল ডেমোক্রেটিক লেবার পার্টির মুখপত্র। প্রাথমিক ভাবে লেনিন পত্রিকাটি পরিচালনা করেছিলেন। নির্বাসনকালে তিনি যেখানে যেতেন সেখানে 'ইস্ক্রা' যেত। এর পরবর্তী সংখ্যা ১৯০০-১৯০২ পর্যন্ত ম্যুনিখ থেকে প্রকাশিত হয়েছিল, ১৯০৩ সালে জেনেভা থেকে। লেনিন যখন লন্ডনে ছিলেন তখন সেখানে পত্রিকাটির সম্পাদনা করতেন। পত্রিকায় বড় বড় হরফে ছাপা থাকত 'ইস্ক্রা' আর তার নীচে ছোট করে ছাপা থাকত ''এই স্ফুলিঙ্গ থেকে আগুন জ্বলবে''। যা বাস্তবে ঘটেও ছিল। এই পত্রিকায় মার্ক্সবাদী দর্শন ও বিপ্লবতত্ত্ব সম্পর্কে বিভিন্ন রচনা প্রকাশিত হত এবং তা রাশিয়াতে পাঠান হত। ১৯০৩ সালে রাশিয়ার সোস্যাল ডেমোক্রেটিক লেবার পার্টি বিভক্ত হলে লেনিন পত্রিকার দায়িত্ব ছেড়ে দিয়েছিলেন। আবশ্য প্লেখানভ ১৯০৫ সাল পর্যন্ত পত্রিকাটি পরিচালনা করেছিলেন। 'ইস্ক্রা' শব্দের অর্থ 'স্ফুলিঙ্গ'।

17. Who was in command of the provisional government that was formed in May, 1917 in Russia?

১৭। ১৯১৭ সালের মে মাসে রাশিয়ায় গঠিত অন্তবর্তীকালীন সরকারকে কে নেতৃত্ব দিয়েছিলেন?

--- ১৯১৭ সালের মে মাসে রাশিয়ায় গঠিত অন্তবর্তীকালীন সরকারকে নেতৃত্ব দিয়েছিলেন মেনশেভিক দলের আলেকজান্ডার কেরেনেস্কি।

18. Why did the October Revolution of 1917 also called November Revolution?

১৮। ১৯১৭ সালের অক্টোবর বিপ্লবকে কেন নভেম্বর বিপ্লবও বলা হয়?

--- রাশিয়াতে জুলিয়ান বর্ষপঞ্জি (Julian Calender) প্রচলিত ছিল, যা পশ্চিম ইউরোপ বা বর্তমান রাশিয়ার বর্ষপঞ্জি থেকে ১৩ দিন পিছিয়ে ছিল। নতুন বর্ষপঞ্জি অনুযায়ী ৭ই নভেম্বর পুরানো রুশ বর্ষপঞ্জি অনুযায়ী ২৫শে অক্টোবর হবে। যে কারনে ১৯১৭ সালের 'অক্টোবর বিপ্লব' 'নভেম্বর বিপ্লব' নামেও পরিচিত।

19. Name the treaty signed between Bolshevik Russia and Germany in March, 1918.

১৯। মার্চ ১৯১৮-তে বলশেভিক রাশিয়া এবং জার্মানীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিটির নাম লেখ।

--- মার্চ ১৯১৮-তে বলশেভিক রাশিয়া এবং জার্মানীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিটির নাম ব্রেস্ট-লিটভ্স্কের চুক্তি।

20. Who led the Soviet delegation in the peace negotiation opened at Brest-Litovsk in February, 1918?

২০। ১৯১৮ খৃষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে ব্রেস্ট-লিটভ্স্ক-এ আয়োজিত শান্তি আলোচনায় সোভিয়েত প্রতিনিধি বর্গের নেতৃত্বে কে ছিলেন?

---১৯১৮ খৃষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে ব্রেস্ট-লিটভ্স্ক-এ আয়োজিত শান্তি আলোচনায় সোভিয়েত প্রতিনিধি বর্গের নেতৃত্বে ছিলেন লিও ট্রটস্কি। তিনি লেনিনের দক্ষিণ হস্ত স্বরূপ ছিলেন। বলশেভিক বিপ্লবের সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। তাছাড়া, সোভিয়েত রাশিয়ায় তারই নেতৃত্বে লাল ফৌজ গঠিত হয়েছিল।

21. In which year was the Third International founded and by Whom? By which name was it also known as?

২১। কোন সালে এবং কার দ্বারা 'তৃতীয় আন্তর্জাতিক' প্রতিষ্ঠিত হয়েছিল? এটি আর কী নামে পরিচিত?

--- ১৯১৯ সালে বলশেভিক বিপ্লবের পরে লেনিন 'তৃতীয় আন্তর্জাতিক' প্রতিষ্ঠা করেছিলেন। এটি 'কমিনটার্ণ' নামেও পরিচিত।

22. Who wrote the book, "Imperialism:The Highest Stage of Capitalism"?

২২। ''সাম্রাজ্যবাদঃ পুঁজিবাদের সর্বোচ্চ পর্যায়'' গ্রন্থটি কে রচনা করেন?

--- ''সাম্রাজ্যবাদঃ পুঁজিবাদের সর্বোচ্চ পর্যায়'' গ্রন্থটি লেনিন রচনা করেন।

23. What do you mean by ‘War Communism’?

২৩। ‘যুদ্ধকালীন সাম্যবাদ’ বলতে কি বোঝ?

--- রাশিয়ায় বলশেভিক বিপ্লবের সাফল্য ও সাম্যবাদের প্রতিষ্ঠার সম্ভাবনা ধনতান্ত্রিক রাষ্ট্র ইংল্যান্ড, ফ্রান্স, জাপান, ইটালী প্রভৃতির দুঃশ্চিন্তার কারণ হয়ে উঠেছিল। তারা রাশিয়াকে আক্রমণ করতে উদ্যত হয়। অন্যদিকে রাশিয়ার অভ্যন্তরে প্রতি-বিপ্লবী শক্তি মাথাচাড়া দিয়ে উঠেছিল। এই পরিস্থিতিতে অভ্যন্তরীন প্রতি-বিপ্লব ও বৈদেশিক আক্রমণ প্রতিহত করার জন্য রাশিয়ায় ‘উগ্র সাম্যবাদ’ বা ‘যুদ্ধকালীন সাম্যবাদ’ বা ‘ওয়ার কম্যুনিজম্’ প্রবর্তিত হয়েছিল।

এই সময় দেশের অর্থনীতিকে সম্পূর্ণভাবে যুদ্ধের লক্ষ্যে পরিচালিত করা হয়েছিল। বুর্জোয়াশ্রেণীর অর্থনৈতিক শক্তি ক্ষয় করার জন্য সমস্ত কলকারখানা জাতীয়করণ করা হয়েছিল। শিল্পোৎপাদন ও বন্টন ব্যবস্থার উপর রাষ্ট্রের নিয়ন্ত্রন প্রতিষ্ঠা করা হয়। শ্রমদান বাধ্যতামূলক করা হয়।যুদ্ধরত লালফৌজ ও নাগরিকদের জন্য কৃষকদের উদ্বৃত্ত শষ্য অধিগ্রহণের নীতি গৃহীত হয়েছিল। খাদ্য-বন্টনের জন্য রেশনিং ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। যুদ্ধকালীন সাম্যবাদের নীতির সাহায্যে পশ্চিমী ধনতান্ত্রিক রাষ্ট্রগুলির বিরোধিতা কিছুটা প্রতিহত করা গেলেও এই নীতি পুরোপুরি সফল হয়নি।

24. What is Pravda?

২৪। ‘প্রাভদা’ কী?

--- ‘প্রাভদা’ ছিল সোভিয়েত ইউনিয়নের কম্যুনিষ্ট পার্টির মুখপত্র। সেন্ট পিটার্সবার্গ বা পেত্রোগ্রাদ থেকে ১৯১২ সালের ৫ই মে ‘প্রাভদা’র প্রথম সংখ্যা প্রকাশিত হয়েছিল। ‘প্রাভদা’ শব্দটির অর্থ ‘সত্য’। শ্রমিকদের দৈনিক পত্রিকা হিসাবে এটি প্রথমে প্রকাশিত হয় কিন্তু ক্রমশঃ কম্যুনিষ্ট পার্টির গুরুত্বপূর্ণ মুখপত্রে পরিণত হয়েছিল এবং বলশেভিক আন্দোলনে প্রয়োজনীয় ভূমিকা পালন করেছিল। পত্রিকাটি বার বার জার সরকার দ্বারা নিষিদ্ধ ঘোষিত হয় কিন্তু প্রত্যেকবার নতুন নতুন নামে প্রকাশিত হতে থাকে। শেষ পর্যন্ত ১৯১৮ সালে বিপ্লবের পর মস্কোতে পত্রিকাটি পার্টির মুখপত্র হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছিল। সোভিয়েত শাসন কালে ‘প্রাভদা’ সমগ্র দেশে প্রচারিত হত। ১৯৯১সালে সোভিয়েত ইউনিয়নের ভাঙনের পর ‘প্রাভদা’র পাঠক সংখ্যা উল্লেখজনক ভাবে কমে যায়। শেষে ১৯৯২ সালে একটি গ্রীক লগ্নিকারকের হাতে বিক্রি করে দেওয়া হয়েছিল।

25. Who were Kulaks?

২৫। ‘কুলাক’ কারা?

--- রাশিয়ার বৃহৎ ভূস্বামী বা সমৃদ্ধ কৃষক-রা ‘কুলাক’ নামে পরিচিত ছিল।

26. What do you mean by Red Army?

২৬। ‘লাল ফৌজ’ বলতে তুমি কি বোঝ?

--- ‘লাল ফৌজ’ বা ‘রেড গার্ড’ ছিল বলশেভিক বিপ্লবের সময় বলশেভিকদের স্বেচ্ছাসেবক বাহিনী। এই বাহিনীকে সংগঠিত ও নেতৃত্বদান করেছিলেন লেনিনের যোগ্য সহকর্মী ট্রটস্কি। লক্ষ-লক্ষ শ্রমিক-কৃষকে নিয়ে লালফৌজ গঠিত হয়েছিল। বিপ্লবের পর জার আমলের সেনাবাহিনীর প্রায় ৫০ হাজার সামরিক অফিসার লালফৌজকে প্রশিক্ষন দেওয়ার দায়িত্ব গ্রহণ করেছিল।

27. What do you mean by ‘Cheka’?

২৭। ‘চেকা’ বলতে তুমি কি বোঝ?

--- ‘চেকা’ সোভিয়েত রাশিয়ার গুপ্ত পুলিশ বাহিনী। স্তালিনের নেতৃত্বে এই বাহিনী গড়ে উঠেছিল প্রতি-বিপ্লব ও অন্তর্ঘাতকে মোকাবিলা করার জন্য।

28. In which year Russia declared as U.S.S.R? What was the full form of U.S.S.R?

২৮। কোন বছর রাশিয়াকে U.S.S.R হিসাবে ঘোষণা করা হয়? U.S.S.R এর পূর্ণ রূপ কী?

--- ১৯২৪ সালে রাশিয়াকে U.S.S.R হিসাবে ঘোষণা করা হয়েছিল। এর পূর্ণরূপ ছিল ‘ইউনিয়ন অফ সোভিয়েত সোশ্যালিষ্ট রিপাবলিক’।

29. What do you mean by NEP?

২৯। ‘নেপ’ (NEP) বলতে তুমি কি বোঝ?

--- বলশেভিক বিপ্লবের পর রাশিয়া এক সংকটের সম্মুখিন হয়েছিল। ১৯২১ সালে লেনিন বিশুদ্ধ সাম্যবাদের পথ থেকে সরে এসে এক নতুন অর্থনৈতিক নীতি New Economic Policy or NEP গ্রহণ করেন। বিপ্লবোত্তর রাশিয়ায় উৎপাদনে অবনতি, কৃষক বিদ্রোহ, নৌ-বিদ্রোহ লেনিনকে বাধ্য করেছিল নতুন অর্থনৈতিক নীতি গ্রহণ করতে। লেনিনের অসম্ভব বাস্তববোধ তাকে এই নীতি প্রবর্তন করতে অনুপ্রানিত করেছিল। এর ফলে শুধু রাশিয়া অভ্যন্তরীন সংকট থেকে মুক্ত হয়নি, পুঁজিবাদী পশ্চিমী দুনিয়ার বিরোধিতার মোকাবিলা করতেও সক্ষম হয়েছিল।

30. Who wrote the Pamphlet *State and Revolution*?

৩০। 'রাষ্ট্র ও বিপ্লব' পুস্তিকাটি কে রচনা করেন?

--- 'রাষ্ট্র ও বিপ্লব' পুস্তিকাটি লেনিন রচনা করেন।

31. Who wrote the book, One Step Forward, Two Steps Back?

৩১। "এক কদম আগে, দু' কদম পিছে" গ্রন্থটি কে রচনা করেন?

--- "এক কদম আগে, দু' কদম পিছে" গ্রন্থটি লেনিন রচনা করেন।

32. What were the ideological differences between Trotsky and Stalin?

৩২। ট্রটস্কি ও স্তালিনের মধ্যেকার মতাদর্শগত পার্থক্যগুলি কী ছিল?

--- ট্রটস্কি আন্তর্জাতিক বিপ্লবের আদর্শে বিশ্বাসী ছিলেন, তিনি 'চিরস্থায়ী বিপ্লব' ('Permanent Revolution')-এর তত্ত্ব উপস্থিত করেছিলেন। তাঁর মতে পুঁজিবাদের আধিপত্যের যুগে কোন সমাজতান্ত্রিক রাষ্ট্র এককভাবে টিঁকে থাকতে পারে না। ধনতান্ত্রিক শক্তি সদ্য প্রতিষ্ঠিত সমাজতান্ত্রিক রাষ্ট্রকে সহজেই ধ্বংস করতে সক্ষম। তাই সোভিয়েত রাশিয়ার নিজের অস্তিত্ব এবং সমাজবাদের বিস্তারের জন্য দেশে দেশে সমাজতান্ত্রিক বিপ্লব সংগঠিত করা উচিৎ।

অন্যদিকে স্তালিন 'এক দেশে সমাজতন্ত্র' ('Socialism in one Country') আদর্শে বিশ্বাসী ছিলেন। তিনি মনে করতেন যে, এই মুহূর্তে আন্তর্জাতিক বিপ্লবের প্রয়োজন নেই। প্রয়োজন সোভিয়েত রাশিয়ার জাতীয় অর্থনীতিকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করে সমাজতন্ত্রকে রাশিয়ায় সুদৃঢ় ও সুসংহত করা। আর এই সুসংহত সোভিয়েত রাশিয়ায়ই বিশ্ব-বিপ্লবের আদর্শ হয়ে উঠবে এবং আন্তর্জাতিক বিপ্লবকে নেতৃত্ব দেবে।

33. Who was Trotsky? Who got him expelled from the Soviet Communist Party and in which year?

৩৩। ট্রট্স্কি কে ছিলেন? কে তাঁকে সোভিয়েত কম্যুনিষ্ট পার্টি থেকে বহিষ্কার করিয়েছিলেন এবং কোন্ বছর?

--- ট্রটস্কি ছিলেন ১৯১৭ সালের বলশেভিক বিপ্লবের একজন উল্লেখযোগ্য নেতা। তাঁরই যোগ্য নেতৃত্বে 'লালফৌজ' সংগঠিত হয়েছিল। লেনিনের আদেশে ট্রটস্কি প্রায় ২৫,০০০ শ্রমিকদের দ্বরা গঠিত লালফৌজ নিয়ে ২৫শে অক্টোবর, ১৯১৭ সালে পেট্রোগ্রাদ দখল করে বিপ্লবকে সফল করে তুলেছিলেন। লেনিনের নির্দেশে তিনিই ১৯১৮ সালের ব্রেস্ট-লিটভস্ক চুক্তি স্বাক্ষরে নেতৃত্ব দিয়ে ছিলেন।

কিন্তু লেনিনের মৃত্যুর পর আরেক বলশেভিক নেতা স্তালিনের সঙ্গে মতাদর্শগত বিরোধ শুরু হয়। এই লড়াইয়ে কুটকৌশলী স্তালিন সোভিয়েত রাশিয়ার কম্যুনিষ্ট পার্টির অধিকাংশ সদস্যের সমর্থন আদায় করতে সক্ষম হয়ে ১৯২৯ সালে ট্রটস্কিকে পার্টি থেকে বহিস্কার করেন। ট্রটস্কি দেশ্ত্যাগ করে মেক্সিকোতে আশ্র্য় নেন এবং ওখানেই ১৯৪৩ সালে এক আততায়ীর হাতে তাঁর মৃত্যু ঘটেছিল।

34. What do you understand by the term *Drang Nach Osten*? Who advocated it?

৩৪। 'ড্র্যাং নাখ্অস্টেন' শব্দবন্ধটির দ্বারা কি বোঝায়? কে এটির প্রবক্তা ছিলেন?

--- 'ড্র্যাং নাখ্অস্টেন' শব্দবন্ধটির অর্থ 'পূর্বদিকে সম্প্রসারণ'। মধ্যপ্রাচ্যে জার্মানীর বানিজ্যিক ও সাম্রাজ্যিক স্বার্থ পূরণের জন্য এই নীতি গৃহীত হয়েছিল। বিসমার্কের 'পরিতৃপ্ত দেশ নীতি'কে পরিত্যাগ করে জার্মান সম্রাট দ্বিতীয় কাইজার উইলিয়াম 'বিশ্ব রাজনীতি' বা 'ওয়েল্ট পলিটিক' নীতি গ্রহন করেছিলেন। বিশ্ব-ব্যাপী সাম্রাজ্য বিস্তার নীতিরই অংশ ছিল 'ড্রাং-নাখ-অস্টেন নীতি'।

এই নীতির প্রবক্তা ছিলেন জার্মান সম্রাট দ্বিতীয় কাইজার উইলিয়াম ।

35. Who declared the fourteen Points and why? Mention any two of its provisions.

৩৫। কে, কেন চৌদ্দদফা নীতি ঘোষণা করেছিলেন? এর যেকোন দুটি শর্তের উল্লেখ কর।

--- মার্কিন যুক্ত রাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন ৮ই জানুয়ারী, ১৯১৮ সালে 'চৌদ্দদফা নীতি' ঘোষণা করেছিলেন। বিশ্বযুদ্ধোত্তর কালে ন্যায়-নীতি ও সাধারন মানুষের চাহিদার উপর নির্ভর করে নতুন বিশ্ব-ব্যবস্থা গড়ে তুলতে চেয়েছিলেন। তাঁর মূল উদ্দেশ্য ছিল বিশ্বশান্তি, গণতন্ত্র ও পুঁজিবাদকে সুরক্ষিত করা।(১) গোপন কূটনীতির পরিবর্তে মুক্ত ও পারস্পরিক আলোচনার মাধ্যমে শান্তি স্থাপন করতে হবে। (২) সমুদ্রপথে চলাচল ও ব্যবসা-বানিজ্যের ক্ষেত্রে সকল রাষ্ট্রের সমান অধিকার থাকবে এবং সমুদ্রপথ সকলের জন্য খোলা থাকবে।

36. When was the League of Nations formed? Why did the U.S.A. not join the League?

৩৬। জাতিসংঘ বা লীগ অফ নেশনস কখন গঠিত হয়? মার্কিন যুক্তরাষ্ট্র জাতিসংঘে যোগদান করেনি কেন?

---প্রথম বিশ্বযুদ্ধের ভয়াবহতা বিশ্ব জনমানসে শান্তির অকাঙ্খাকে তীব্র করে তুলেছিল। তাই মার্কিন যুক্ত রাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন পারস্পরিক সহযোগীতা ও শান্তিপূর্ণ ভাবে বিভিন্ন সমস্যার সমাধানের জন্য একটি আন্তর্জাতিক সংগঠনের প্রয়োজনীয়তা পূরনের জন্য ১৯১৯ সালের ২৮শে এপ্রিল জাতিসংঘ প্রতিষ্ঠা করা হয়েছিল। এর প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল ১০ জানুয়ারী ১৯২০ সালে। এর প্রথম মহাসচিব ছিলেন স্যার এরিক ড্রুমন্ড। জাতিসংঘের প্রতিষ্ঠায় মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন প্রধান ভূমিকা নিলেও মার্কিন সেনেট জাতিসংঘে যোগ দিতে সম্মত হয়নি। কারন, তারা ভার্সাই চুক্তিকেই স্বীকার করেনি। তাদের কাছে ভার্সাই চুক্তি ছিল অপমানজনক, গণতন্ত্র-বিরোধী একটি চুক্তি।

37. In which year did Germany get admission to the League of Nations?

৩৭। লীগ অফ নেশনস্এ কোন্ সালে জার্মানী প্রবেশাধিকার পেয়েছিল?

--- ১৯২৬ সালে জার্মানী লীগ অফ নেশেন্সে প্রবেশাধিকার পেয়েছিল।

38. Give two reasons for the failure of League of Nations.

৩৮। লীগ অফ নেশনসের ব্যর্থতার দু'টি কারণ লেখ।

--- (১) লীগ অফ নেশেন্স তার উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়ে আন্তর্জাতিক সংগঠনের পরিবর্তে একটি ইউরোপীয় সংগঠনে পরিণত হয়েছিল। (২) বৃহত শক্তির অনুপস্থিতিতে লীগ কার্যত ইঙ্গ-ফরাসী রাষ্ট্র দ্বয়ের সংগঠনে পরিণত হয়েছিল। (৩) লীগ জন্ম লগ্ন থেকেই সাংগঠনিক ভাবে দুর্বল ছিল, কারণ লীগের নিজস্ব কোন সামরিক বাহিনী ছিল না, সে সদস্য রাষ্ট্রগুলির উপর নির্ভরশীল ছিল।

39. What was the full form of ILO? When it was established?

৩৯। ILO -র পূর্ণ রূপ কী? এটি কখন প্রতিষ্ঠিত হয়েছিল?

--- ILO -র পূর্ণ রূপ International Labour Organization বা আন্তর্জাতিক শ্রমিক সংস্থা। ১৯১৯ সালে এটি প্রতিষ্ঠিত হয়েছিল সুইৎজারল্যান্ডের জেনেভা শহরে। শ্রমিক কল্যানের জন্য এই দপ্তর কোন প্রস্তাব গ্রহণ করলে জাতিসংঘের সদস্য রাষ্ট্র তা মেনে চলত।

40. Who were the Big Four in the Peace Conference of Paris, 1919? By which treaties, signed here, did the First World War come to an end?

৪০।১৯১৯ সালে প্যারিসের শান্তি সম্মেলনে 'প্রধান চারজন' কারা ছিলেন? এখানে স্বাক্ষরিত কোন্ চুক্তিগুলির দ্বারা প্রথম বিশ্বযুদ্ধের অবসান ঘটেছিল?

--- ১৯১৯ সালে প্যারিসের শান্তি সম্মেলনে 'প্রধান চারজন' ছিলেন, ফরাসী প্রধানমন্ত্রী জর্জ ক্লেমেনশো, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন, ইংল্যান্ডের প্রধানমন্ত্রী লয়েড জর্জ এবং ইটালীর প্রধানমন্ত্রী ভিট্টোরিও অর্লান্ডো। এই সম্মেলনে সভাপতিত্ব করেছিলেন ফ্রান্সের প্রধানমন্ত্রী জর্জ ক্লেমেনশো।

প্যারিসের শান্তি সম্মেলনে মোট পাঁচটি সন্ধি স্বাক্ষরিত হয়েছিল—(১) ১৯১৯সালের ২৮শে জুন জার্মানীর সঙ্গে স্বাক্ষরিত হয়েছিল ভার্সাই সন্ধি; (২) ১৯১৯সালের ১০ই সেপ্টেম্বর অস্ট্রিয়ার সঙ্গে স্বাক্ষরিত হয়েছিল সেন্ট জার্মেইন-এর সন্ধি; (৩) ১৯২০ সালের ৩রা নভেম্বর হাঙ্গেরীর সঙ্গে স্বাক্ষরিত হয়েছিল ট্রিয়ানন-এর সন্ধি; (৪) ১৯১৯ সালের ২৭শে নভেম্বর বুলগেরিয়ার সঙ্গে নিউলির সন্ধি স্বাক্ষরিত হয়েছিল; (৫) ১৯২০ সালের ১০ই আগষ্ট তুরস্কের সঙ্গে সেভরের সন্ধি স্বাক্ষরিত হয়েছিল (১৯২৩ সালে লুসানের সন্ধি দ্বারা সেভরের সন্ধির শর্তাগুলি পরিবর্তিত হয়েছিল)। এই সন্ধিগুলির দ্বারা প্রথম বিশ্বযুদ্ধের অবসান ঘোষিত হয়েছিল।

41. Name two Empires and two royal dynasties which were destroyed in the First World War.

৪১। প্রথম বিশ্বযুদ্ধের পর পতন হয়েছিল এমন দু'টি সাম্রাজ্য ও রাজবংশের নাম লেখ।

--- প্রথম বিশ্বযুদ্ধের পর পতন ঘটেছিল জার্মান ও অস্ট্র-হাঙ্গেরিয় সাম্রাজ্যের, এই দুটি সাম্রাজ্যে শাসন করত ক্রমান্বয়ে হোহেনজোলার্ন ও হ্যাপস্বার্গ রাজবংশ।

42. The pre-war hegemony of which two central European powers were shattered after the First World War?

৪২। প্রথম বিশ্বযুদ্ধের পরে কোন্ দুই মধ্য ইউরোপীয় শক্তির প্রাক্যুদ্ধ প্রতিপত্তি ধ্বংস হয়ে গিয়েছিল?

--- প্রথম বিশ্বযুদ্ধের পরে জার্মানী ও অস্ট্রিয়া এই দুই মধ্য ইউরোপীয় শক্তির প্রাক্যুদ্ধ প্রতিপত্তি ধ্বংস হয়ে গিয়েছিল।

43. Which country was obliged to give Alsace and Loraine to force by the Treaty of Versailles (1919)?
৪৩। ভার্সাই চুক্তি অনুসারে কোন দেশ ফ্রান্সকে আলসাস ও লোরেন দিতে বাধ্য হয়েছিল?
--- ভার্সাই চুক্তি অনুসারে জার্মান দেশ ফ্রান্সকে আলসাস ও লোরেন দিতে বাধ্য হয়েছিল।

44. What was the maximum number fixed for the German army in the treaty of Versailles, 1919?
৪৪। ভার্সাই চুক্তিতে (১৯১৯) জার্মান সৈন্যের সর্বোচ্চ সংখ্যা কত স্থির করা হয়েছিল?
--- ভার্সাই চুক্তিতে (১৯১৯) জার্মান সৈন্যের সর্বোচ্চ সংখ্যা মাত্র এক লক্ষ স্থির করা হয়েছিল।

45. To which power were the coal mines of the Saar handed over by the Treaty of Versailles?
৪৫। সারের কয়লা খনিগুলি ভার্সাই চুক্তির দ্বারা কোন্ শক্তির কাছে হস্তান্তরিত হয়েছিল?
--- সারের কয়লা খনিগুলি ভার্সাই চুক্তির দ্বারা ১৫ বছরের জন্য ফ্রান্সের কাছে হস্তান্তরিত হয়েছিল।

46. What provisions were laid in the treaty of Versailles for Memel and Upper Silesia?
৪৬। ভার্সাই চুক্তিতে মেমেল ও উচ্চতর সাইলেশিয়ার জন্য কি বন্দোবস্ত করা হয়েছিল?
--- ভার্সাই চুক্তিতে আঞ্চলিক পুনর্বন্টন নীতিকে কার্যকরী করার জন্য লিথুয়ানিয়াকে মেমেল বন্দর দেওয়া হয়েছিল ও উচ্চতর সাইলেশিয়ার জন্য গণভোটের বন্দোবস্ত করে তার ভিত্তিতে পোল্যান্ডের সাথে যুক্ত করা হয়েছিল।

47. Which port was created a free city under provisions of the Treaty of Versailles (1919)?
৪৭। ভার্সাই চুক্তির (১৯১৯) শর্তানুসারে কোন্ বন্দরকে একটি মুক্ত নগরীতে পরিণত করা হয়েছিল?
--- ভার্সাই চুক্তির (১৯১৯) শর্তানুসারে ডানজিগ বন্দরকে লীগ অফ নেশেনসের অধীনে একটি মুক্ত নগরীতে পরিণত করা হয়েছিল।

48. What do you mean by *Polish Corridor*?
৪৮। 'পোলিশ করিডর' বলতে কী বোঝ?
--- প্রথম বিশ্বযুদ্ধের পরে বৃহৎ শক্তিবর্গ পোল্যান্ডের প্রতি সদয় হয়ে উঠেছিল। পোল্যান্ড যাতে সমুদ্র পর্যন্ত যেতে পারে সেজন্য জার্মানীর ভিতর দিয়ে একটি যোগাযোগকারী পথের ব্যবস্থা করা হয়েছিল। এই পথটি 'পোলিশ করিডর' নামে পরিচিত হয়। এই রাস্তাটি পূর্ব প্রাশিয়া থেকে জার্মানীকে বিচ্ছিন্ন করে ছিল।

49. Which treaty is considered as a 'dictate' in the history of Europe?
৪৯। কোন্ চুক্তি ইউরোপের ইতিহাসে 'জবরদস্তিমূলক চুক্তি' হিসাবে পরিচিত?
--- ১৯১৯ সালে জার্মানীর সঙ্গে স্বাক্ষরিত ভার্সাই চুক্তি ইউরোপের ইতিহাস 'জবরদস্তিমূলক চুক্তি' হিসাবে পরিচিত।

50. Who called the World War-I 'a tragedy of miscalculation' and why?
৫০। কে, কেন প্রথম বিশ্বযুদ্ধকে 'ভুল হিসাবের একটি মর্মান্তিক পরিণতি' বলে অভিহিত করেছেন?
--- ঐতিহাসিক এ সি এফ টার্নার প্রথম বিশ্বযুদ্ধকে 'ভুল হিসাবের একটি মর্মান্তিক পরিণতি' বলে অভিহিত করেছেন। কারণ তাঁর মনে হয়েছে যে জার্মানি বা কাইজার দ্বিতীয় উইলিয়াম যুদ্ধের জন্য উদ্দেশ্য প্রণোদিতভাবে পদক্ষেপ গ্রহণ করেননি। কিন্তু ঘটনার ধারায় প্রবাহিত হয়ে কিছু ভুল সিদ্ধান্ত বা পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল, যার 'মার্মান্তিক পরিণতি' ছিল প্রথম বিশ্বযুদ্ধ।

51. Which period in modern European history is known as 'the era of Stresemann'?
৫১। আধুনিক ইউরোপের ইতিহাসে কোন্সময়কাল 'স্ট্রেসম্যানের যুগ' নামে পরিচিত?
---আধুনিক ইউরোপের ইতিহাসে ১৯২৩ সাল থেকে ১৯২৯ সাল, এই সময়কাল 'স্ট্রেসম্যানের যুগ' নামে পরিচিত।

52. Name the German Chancellor who was awarded the Nobel Peace Prize in 1927.
৫২। সেই জার্মান চ্যান্সেলারের নাম লেখ যকে ১৯২৭ সালে নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়েছিল।
---১৯২৭ সালে নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়েছিল জার্মান চান্সেলর গুস্তাভ স্ট্রেসম্যানকে।

53. Who were known as Spartacus? Mention the name of any two member of Spartacus.

৫৩। 'স্পার্টাকাস' নামে কারা পরিচিত ছিল? দু'জন 'স্পার্টাকাস' সদস্যের নাম লেখ।

--- জার্মান কম্যুনিষ্ট দল বা তাদের সদস্যরা 'স্পার্টাকাস' নামে পরিচিত ছিলেন। রোজা লুক্সেমবার্গ, ক্লারা জেটলিন, কার্ল লিবনেখট প্রভৃতি কম্যুনিষ্টগণ 'স্পার্টাকাস'-এর সদস্য ছিলেন।

54. In which year did Geneva Protocol drafted? What were its major provisions?

৫৪। কোন সালে জেনেভা প্রটোকল রচিত হয়েছিল? এর প্রধান প্রস্তাবগুলি কী ছিল?

--- ১৯২৪ সালে জেনেভা প্রটোকল রচিত হয়েছিল। এই প্রটোকলের প্রধান উদ্দেশ্য ছিল শান্তি স্থাপন ও যুদ্ধের সম্ভাবনাকে বিনষ্ট করা এবং জাতিসংঘকে শক্তিশালী করা। এই উদ্দেশ্য সফল করার জন্য কয়েকটি প্রস্তাব গৃহীত হয়। যেমন, আইনগত সমস্ত বিবাদের মিমাংসার জন্য আন্তর্জাতিক স্থায়ী বিচালয়ে তা পেশ করতে হবে এবং এই বিচারালয়ের সিদ্ধন্তই চূড়ান্ত বলে মেনে নিতে হবে। জেনেভা প্রটোকলে যুদ্ধকে বে-আইনী ঘোষণা করা হয়েছিল, যেকোন আক্রমণাত্মক যুদ্ধকে অপরাধ হিসাবে গন্য করা হয় এবং যুদ্ধের সূচনাকারীকে আক্রমণকারী হিসাবে ধরা হয়। তাছাড়া, নিরাপত্তার জন্য জেনেভা প্রটোকলে বলা হয় যে, এটি সকল রাষ্ট্র দ্বারা অনুমোদিত হলে ১৯২৫ সালের ২৫শে জুন একটি নিরস্ত্রীকরণ সম্মেলন ডাকা হবে।

55. When and between whom the Locarno Agreement was signed?

৫৫। কোন সালে ও কাদের মধ্যে লোকার্ণো চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?

--- ১৯২৫ সালের সুইৎজারল্যান্ডের লোকার্ণো শহরে 'লোকার্ণো চুক্তি' স্বাক্ষরিত হয়েছিল। এই চুক্তিতে স্বাক্ষর করেছিল বৃটেন, ফ্রান্স, জার্মানী, ইটালী, বেলজিয়াম, চেকোশ্লোভাকিয়া ও পোল্যান্ড। এখানে মোট সাতটি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

56. Mention two major results of the Locarno agreement of 1925.

৫৬। ১৯২৫ সালের লোকার্নো চুক্তির দুটি প্রধান ফলাফল উল্লেখ কর।

--- প্রথম বিশ্বযুদ্ধোত্তর সময়ে লোকার্ণো চুক্তি ইউরোপের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় বলা যায়। এই চুক্তির ফলে ফরাসী নিরাপত্তা বহুলাংশে বাস্তবায়িত হয়েছিল। তাছাড়া ফ্রান্স ও জার্মানির প্রয়োজনীয়তা নিরপেক্ষভাবে বিচারের প্রচেষ্টা নেওয়া হয়েছিল। এই চুক্তির পর জার্মানি জাতিসংঘের সদস্যপদ লাভ করে এবং পুণরায় নিজেকে বৃহৎ শক্তিবর্গের মধ্যে খুঁজে পায়। এই চুক্তিতে জার্মানি স্বেচ্ছায় স্বাক্ষর করেছিল, তাই এই চুক্তি রক্ষার দায়িত্ব তারও ছিল।

57. In which year Kellogg-Briand Pact was signed? Mention the name of signatories States.

৫৭। কখন কেলগ-ব্রিঁয়া চুক্তি স্বাক্ষরিত হয়েছিল? স্বাক্ষরকারী রাষ্ট্রের নাম লেখ।

--- ১৯২৮ সালে কেলগ-ব্রিঁয়া চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। ফরাসী পররাষ্ট্রমন্ত্রী ব্রিয়াঁ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রসচিব কেলগের নাম অনুসারে এই চুক্তিটি কেলগ্-ব্রিয়াঁ প্যাক্ট নামে অভিহিত। এই চুক্তিটি প্যারিসের শান্তি চুক্তি নামেও পরিচিত। ফ্রান্স ও মার্কিন যুক্তরাষ্ট্র, এই দুটি রাষ্ট্রের মধ্য চুক্তিটি স্বাক্ষরিত হয়েছিল।

58. In which year did the Dawes Plan come into operation?

৫৮। কত খৃষ্টাব্দে ডাওয়েজ পরিকল্পনাকে কার্যকর করা হয়েছিল?

--- ১৯২৪ খৃষ্টাব্দে ডাওয়েজ পরিকল্পনাকে কার্যকর করা হয়েছিল।

59. Name the share market where the Economic Depression of 1929 originated.

৫৯। যে শেয়ার বাজারে ১৯২৯ খৃষ্টাব্দের অর্থনৈতিক মন্দার উৎপত্তি হয়েছিল, সেটির নাম লেখ।

--- যে শেয়ার বাজারে ১৯২৯ খৃষ্টাব্দের অর্থনৈতিক মন্দার উৎপত্তি হয়েছিল, সেটির নাম 'ওয়াল স্ট্রিট'। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক শহরে অবস্থিত।

60. What do you mean by Hoover's Moratorium?

৬০। 'হুভারের স্থগিতিকরণ' বলতে কী বোঝ?

--- ১৯২৯ সালে বিশ্বজুড়ে অর্থনৈতিক মন্দা দেখা দেয়, যা মহামন্দা নামেও পরিচিত। এইসময় অর্থনৈতিকভাবে ভগ্নপ্রায় জার্মানির পক্ষে ক্ষতিপূরণের অর্থ প্রদান করা অসম্ভব হয়ে উঠেছিল। তাই তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট হুভার ঘোষণা করেন যে এক বছরের জন্য (১৯৩১-৩২ খৃঃ) জার্মানিকে ক্ষতিপূরণ বাবদ কোন অর্থ দিতে হবে না। হুভারের নাম অনুযায়ী এই ঘোষণা 'হুভারস্ মোরাটোরিয়াম' বা 'হুভারের স্থগিতিকরণ' নামে পরিচিত।

61. Mention two causes for the failure of the Disarmament Conference of 1932.

৬১। ১৯৩২ সালে বিশ্ব নিরস্ত্রীকরণ সম্মেলনের ব্যর্থতার দু'টি কারণ উল্লেখ কর।

--- (১) নিরস্ত্রীকরণ সম্মেলনের ব্যর্থতার অন্যতম কারণ হল বিজয়ী রাষ্ট্রগুলির মধ্যে পারস্পরিক সন্দেহ ও অবিশ্বাস। এরা পরাজিত শত্রুকে নিরস্ত্র করতে যতটা উৎসাহী ছিল, নিজেদের প্রশ্নে ততটাই বিমুখ ছিল। (২) এই সময় শুধু ফরাসী-জার্মান প্রতিদ্বন্দ্বিতা নয়, ইঙ্গ-ফরাসী ও ইঙ্গ-মার্কিন মত-পার্থক্যও নিরস্ত্রীকরণ সম্মেলনের ব্যর্থতার জন্য বহুলাংশে দায়ী ছিল। (৩) নিরস্ত্রীকরণের সাফল্যের প্রাথমিক শর্ত হল পারস্পরিক সহযোগিতার মনোভাব, কিন্তু এক্ষেত্রে ছিল পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতা, যা এই সম্মেলনে অচলাবস্থা তৈরি করে সম্মেলনকে ব্যর্থ করে তুলেছিল।

62. When and between whom did Mussolini sign the Treaty of Lateran?

৬২। কখন ও কার সঙ্গে মুসোলিনী ল্যাটেরান চুক্তি স্বাক্ষর করেছিলেন?

--- ১৯২৯ সালে পোপের সঙ্গে মুসোলিনী ল্যাটেরান চুক্তি স্বাক্ষর করেছিলেন।

63. What was Hoare-Laval Agreement?

৬৩। হোর-লাভাল চুক্তিটি কী ছিল?

--- ইটালী দীর্ঘস্থায়ী যুদ্ধে পরাজিত হতে পারে আশঙ্কা করে ইংল্যান্ড ও ফ্রান্স বিরোধের মীমাংসার জন্য একটি সমাধান সূত্র অনুসন্ধান করতে শুরু করে। বৃটিশ পররাষ্ট্র সচিব স্যার স্যামুয়েল হোর ১৯৩৫ সালে প্যারিসে গিয়ে ফরাসি পররাষ্ট্রমন্ত্রী লাভালের সাথে সাক্ষাৎ করে একটি শান্তি প্রস্তাব রচনা করেন। যা হোর-লাভাল প্রস্তাব নামে বা হোর-লাভাল চুক্তি নামেও পরিচিত। এটি ইঙ্গ-ফরাসী তোষন নীতির একটি উল্লেখযোগ্য উদাহরণ।

64. In which year Munich Pact was signed and with whom?

৬৪। কোন বছর ম্যুনিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল এবং কাদের মধ্যে?

--- ১৯৩৮ সালের ২৯শে সেপ্টম্বর বৃটিশ প্রধানমন্ত্রী চেম্বারলেন, ফরাসী প্রধানমন্ত্রী দালাদিয়ের, জার্মানির নাৎসী নেতা হিটলার ও ইতালীর ফ্যাসিশট নেতা মুসোলিনীর মধ্যে ম্যুনিখ প্যাক্ট স্বাক্ষরিত হয়েছিল।

65. Who criticized the Munich Pact as “a disaster of first magnitude”?

৬৫। কে মিউনিখ চুক্তিটিকে 'প্রথম শ্রেণীর বিপর্যয়' বলে সমালোচনা করেছেন?

--- বৃটিশ কূটনীতিক উইনস্টন চার্চিল মিউনিখ চুক্তিটিকে 'প্রথম শ্রেণীর বিপর্যয়' বলে সমালোচনা করেছেন।

66. What is Herrenvolk Theory?

৬৬। 'হেরেনভল্ক তত্ত্ব' কী?

--- হিটলারের অভ্যুদয়ের অন্যতম ভিত্তি ছিল উগ্র জাতীয়তাবাদ। তিনি প্রচার করেন যে, জার্মান জাতিই হল একমাত্র আর্যজাতি, আর অন্য সব জাতি হল বর্ণসংকর। তাই শ্রেষ্ঠত্বের বিচারে একমাত্র আর্য জার্মানরা অন্য বর্ণসংকর জাতিগোষ্ঠির উপর প্রভূত্বের অধিকারী। এবং এটাই প্রকৃতির নিয়ম। জার্মান জাতির শ্রষ্ঠত্বের এই তত্ত্ব 'হেরেনভল্ক তত্ত্ব' নামে পরিচিত।

67. What was the policy of Lebensraum?

৬৭। লেবেনস্রাম নীতি কী?

--- জার্মান শব্দ লেবেনস্রাম –এর অর্থ 'ভালোভাবে বাঁচার জন্য যথেষ্ট জায়গা' , ইংরাজীতে 'living space'. মধ্য ও পূর্ব ইউরোপে বহু জার্মান বস-বাস করত, এদের সহ সমস্ত জার্মান জাতির বস-বাসের পর্যাপ্ত জায়গার জন্য হিটলার পূর্ব দিকে জার্মান সাম্রাজ্য সম্প্রসারণের যে নীতি গ্রহণ করেন তা 'লেবেনস্রাম' নামে পরিচিত। বলা যায়, পূর্ব ইউরপে জার্মান সাম্রাজ্য বিস্তার করে সেখানকার জার্মান উদ্বাস্তুদের জন্য স্থান সঙ্কুলান করা।

68. What was Anschluss? Who achieved it?

৬৮। আনশ্লুস কী? কে এটি সম্পাদন করেছিলেন?

--- হিটলারের আকাঙ্খা ছিল সমস্ত জার্মান ভাষাভাষি মানুষকে ঐক্যব্দধ করার। অস্ট্রিয়াতে বহু জার্মান ভাষার মানুষ বসবাস করতেন। তাছাড়া অস্ট্রিয়া ছিল হিটলারের জন্মভূমি। তাই হিটলার জার্মানির সাথে অস্ট্রিয়ার সংযুক্তির বিষয়ে উৎসাহী ছিলেন। জার্মানীর সাথে সংযুক্তিকরণের এই নীতি 'আন্শ্লুস' বা 'নিবিড় মৈত্রী' নামে পরিচিত। এটি হিটলার সম্পাদন করেছিলেন।

69. When and by whom National Socialist Workers Party (NSDAP) was established? By which name it was more famous?

৬৯। ন্যাশনাল সোসালিস্ট ওয়ার্কার্স পার্টি (NSDAP) কে, কখন প্রতিষ্ঠা করেন? এটি কী নামে সমধিক পরিচিত?

--- ১৯২০ সালে হিটলার জার্মান ওয়ার্কার্স পার্টি (প্রতিষ্ঠাতা ছিলেন ডেক্সলার)-র নেতৃত্ব পদে প্রতিষ্ঠিত হয়ে নতুন নামকরন করেন 'ন্যাশনাল সোসালিস্ট ওয়ার্কার্স পার্টি'। এটি 'নাৎসী দল' নামে সমধিক পরিচিত।

70. In which year and by whom the Enabling Act was passed?

৭০। কে, কখন Enabling Act পাশ করেছিলেন?

--- ১৯৩৩ সালের ২৩শে মার্চ জার্মান সংসদ Enabling Act পাশ করে সংসদের অনুমোদন ব্যতিরেকেই হিটলারকে শাসনকার্য পরিচালনা এবং আইন প্রণয়নের অধিকার দিয়েছিল। এই আইনের সাহায্যেই হিটলার কার্যতঃ জার্মানির সমস্ত ক্ষমতার অধিকারী হয়ে উঠেছিলেন।

71. What is Nazism?

৭১। নাৎসীবাদ কী?

--- নাৎসীবাদ উগ্র জাতীয়তাবাদী একটি মতাদর্শ। এই মতাদর্শের প্রবক্তা ছিলেন জার্মানির হিটলার। এই মতাদর্শ অনুযায়ী জার্মান জাতিই পৃথিবীর শ্রেষ্ঠ আর্য জাতি এবং তাদের দেহেই বিশুদ্ধ আর্য-রক্ত প্রবাহিত। তাই একমাত্র তাদেরই অধিকার আছে বিশ্বকে শাসন করার। আর নাৎসী মতানুসারে দলনেতা বা 'ফ্যুয়েরার' অভ্রান্ত, বিনা প্রশ্নে তার নির্দেশ পালন করাই কর্তব্য। অন্যথার অর্থ হল জাতীয় স্বার্থের বিরোধিতা করা। অ-জার্মান, বিশেষত ইহুদি বিদ্বেষ এবং সাম্রাজ্য-সম্প্রসারণ নাৎসীবাদের অন্যতম আদর্শে পরিণত হয়েছিল।

72. What were the basic objectives of Nazi foreign policy?

৭২। নাৎসী বিদেশনীতির মূল উদ্দেশ্য কী ছিল?

--- নাৎসী বিদেশনীতির মূল উদ্দেশ্য ছিল অপমানজনক ভার্সাই সন্ধির চাপিয়ে দেওয়া শর্তগুলিকে লঙ্ঘন করা এবং জার্মান জাতির শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠার জন্য জার্মান সাম্রাজ্য সম্প্রসারিত করা।

73. What was the Nazi secret state police known as?

৭৩। নাৎসী গুপ্ত রাষ্ট্রীয় পুলিশ কী নামে পরিচিত ছিল?

---নাৎসী গুপ্ত রাষ্ট্রীয় পুলিশ 'গেস্টাপো' নামে পরিচিত ছিল। এই বাহিনীর প্রধান ছিলেন হিমলার।

74. What is the name of Hitler's autobiography? In which year the book was published?

৭৪। হিটলারের আত্মজীবনীমূলক গ্রন্থটির নাম কী? কোন বছর বইটি প্রকাশিত হয়েছিল?

--- হিটলারের আত্মজীবনীমূলক গ্রন্থটির নাম 'মেঁই ক্যাম্ফ' বা 'আমার সংগ্রাম' বা 'Mein Kampf'. ১৯২৫ সালে বইটি প্রকাশিত হয়েছিল।

75. What do you know about 'Avanti'?

৭৫। 'অভন্তি' সম্পর্কে তুমি কি জান?

--- ইটালীর সমাজতান্ত্রিক দলের মুখপত্র ছিল 'অভন্তি', যার অর্থ 'প্রগতি'। ১৯১২ সালে মুসোলিনী এই পত্রিকার সম্পাদকের দায়িত্বভার গ্রহণ করেন। এই পত্রিকার মাধ্যমেই তিনি ইটালীতে ক্রমশঃ বিখ্যাত হয়ে উঠেছিলেন।

76. What is the meaning of the term 'Fascist'? What is Fascism?

৭৬। 'ফ্যাসিস্ট' শব্দটির অর্থ কী? ফ্যাসিবাদ কী?

--- ল্যাটিন শব্দ 'ফ্যাসেস' থেকে 'ফ্যাসিস্ট' শব্দের জন্ম। 'ফ্যাসেস'-এর অর্থ শক্তি। প্রাচীন রোমের রাজশক্তির প্রতীক ছিল 'ফ্যাসিস' বা দড়িবাঁধা কাষ্ঠদন্ড। মনে হয় প্রাচীন ঐতিহ্যকে সম্মান জানানোর জন্য মুসোলিনী এই প্রতীক গ্রহণ করেন এবং ইটালীতে ফ্যাসিস্ট দল গড়ে তুলেন। ১৯১৯ সালের ২৩ শে মার্চ মিলান শহরের ১১৮ জন কর্মচ্যুত সৈনিকদের নিয়ে এই দল প্রতিষ্ঠা করেছিলেন।

ফ্যাসীবাদ একটি উগ্র-জাতীয়তাবাদী মতাদর্শ। এই মতাদর্শ রাষ্ট্রীয় কর্তৃত্বের কথা ঘোষণা করে, যেখানে ব্যক্তির কোন স্থান নেই। রাষ্ট্রকে সর্বশক্তিমান করে তুলে ব্যক্তি-নাগরিককে তার অধীন করা ছিল এই মতবাদের মূল মন্ত্র। গণতান্ত্রিক তথা সাম্যবাদী ভাবধারার বিরুদ্ধে ফ্যাসীবাদের মাধ্যমে রাষ্ট্র এবং রাষ্ট্র নেতাকে সর্ব-শক্তিমান করি তোলা হয়েছিল।

77. Who were Black Shirts?
৭৭। 'ব্ল্যাক শার্টস্' কারা?
--- মুসোলিনী ইটালীতে প্রথম বিশ্বযুদ্ধের পর কর্মচ্যুত সৈন্য ও বেকার যুবকদের নিয়ে প্রথমে একটি আধা-সামরিক স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করেন, যা কিছুদিনের মধ্যে সুসজ্জিত সেনাদলে পরিণত হয়েছিল। এই বাহিনীর সদস্যরা কালো পোশাক পরত বলে তাদের 'ব্ল্যাক শার্টস্' বলা হয়।

78. What is Squadrism?
৭৮। 'স্কোয়াড্রিজম' কী?
--- মুসোলিনির 'ব্ল্যাক শার্টস্' বাহিনী ইটালীর সর্বত্র কম্যুনিষ্ট দল সহ অন্যান্য দলগুলির বিরুদ্ধে আক্রমণ চালিয়ে তাদের নিশ্চহ্ন করার নীতি গ্রহণ করে। তাদের এই আক্রমনাত্মক নীতিকে 'স্কোয়াড্রিজম' বলা হয়।

79. What do you mean by the 'Battle of Wheat'?
৭৯। 'গমের যুদ্ধ' বলতে কী বোঝ?
--- মুসোলিনীর 'কৃষি-বিপ্লব' নীতির একটি অংশ ছিল 'গমের যুদ্ধ'। ইটালীতে বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষিকাজের উপর গুরুত্ব দেওয়ার নীতি প্রবর্তন করেন। এই সময় তিনি জলপাই ও অন্যান্য ফসলের চাষ কমিয়ে গম উৎপাদনের উপর জোর দেন। মুসোলিনী একেই 'গমের যুদ্ধ' বলেছেন।

80. Who was Haile Selassie? Name the power that invade and occupied his motherland.
৮০। হাইলে সেলাসী কে ছিলেন? যে শক্তি তাঁর মাতৃভূমিকে আক্রমণ ও অধিকার করেছিল, সেটির নাম লেখ?
--- হাইলে সেলাসী আবিসিনিয়ার সম্রাট ছিলেন। যে শক্তি তাঁর মাতৃভূমিকে আক্রমণ ও অধিকার করেছিল, সেটির নাম ইটালী।

81. Who was the ruler of Abyssinia when it was invaded by Italy in 1935?
৮১। ১৯৩৫ সালে ইটালী যখন আবিসিনিয়া আক্রমণ করেছিল, তখন আবিসিনিয়ার শাসক কে ছিলেন?
--- ১৯৩৫ সালে ইটালী যখন আবিসিনিয়া আক্রমণ করেছিল, তখন আবিসিনিয়ার শাসক ছিলেন হাইলে সেলাসী।

82. What was Wal Wal incident?
৮২। ওয়াল ওয়াল ঘটনাটি কী?
--- আবিসিনিয়া ও সোমালিল্যান্ডের সীমান্ত প্রদেশে অবস্থিত ওয়াল-ওয়াল গ্রামে ইটালী ও আবিসিনিয়ার সৈন্যদের মধ্যে খন্ড যুদ্ধ হয়। ১৯৩৪ সালের ৫ই ডিসেম্বরের এই যুদ্ধে কিছু ইটালীয় সেনা নিহত হয়েছিল। এই ঘটনার অজুহাতে মুসোলিনী আবিসিনিয়ার সম্রাট হাইলে সেলাসির কাছে নিঃশর্ত ক্ষমা ও ক্ষতিপূরণ দাবী করে, যদিও এই যুদ্ধে আবিসিনিয় সেনারাই বেশী সংখ্যায় নিহত হয়েছিল। এই ঘটনা ওয়াল-ওয়াল ঘটনা নামে পরিচিত হয়।

83. Who were known as Ill-Douche, Fuehrer and Cedilla?
৮৩। কারা 'ইল-দুচে', 'ফ্যুয়েরার' এবং 'কডিলো' নামে পরিচিত ছিলেন?
--- ইটালীর মুসোলিনী 'ইল-দুচে', জার্মানীর হিটলার'ফ্যুয়েরার' এবং স্পেনের জেনারেল ফ্রাঙ্কো 'কডিলো' নামে পরিচিত ছিলেন।

84. Who was General Franco?
৮৪। জেনারেল ফ্রাঙ্কো কে?
--- দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে জেনারেল ফ্রান্সিস্কো ফ্রাঙ্কো ছিলেন স্পেনীয় সেনা বাহিনীর একজন জেনারেল। তারই নেতৃত্বে স্পেনে গৃহযুদ্ধের সূচনা হয়েছিল। ফ্রাঙ্কোর পক্ষ বা বিদ্রোহীরা জাতীয়তাবাদী নামে চিহ্নিত হয়।
আসলে স্পেনে প্রজাতন্ত্রী, সমাজতন্ত্রী ও কম্যুনিষ্টরা 'পপুলার ফ্রন্ট' গঠন করে এবং ১৯৩৬ সালের নির্বাচনে জয়লাভ করে সরকার গঠন করেছিল। কিন্তু স্পেনের দক্ষিণপন্থীরা এই সরকারের বিরোধিতা করে এবং দাঙ্গ-হাঙ্গামা সংঘটিত করে। এই সময় পপুলার ফ্রন্ট সরকার আনুগত্যহীনতার প্রশ্ন তুলে বেশ কিছু সামরিক কর্মচারীকে বরখাস্ত এবং বদলি করে। এদের মধ্য একজন ছিল জেনারেল ফ্রাঙ্কো। তাকে ক্যানারী দ্বীপপুঞ্জে পাঠানো হয়। ১৯৩৬ সালের জুলাই মাসে মরক্কোয় অবস্থিত সেনাদল বিদ্রোহ ঘোষণা করে এবং ফ্রাঙ্কো তাদের নেতৃত্ব দিতে মরক্কোয় এসে উপস্থিত হয়। শুরু হয় ফ্রাঙ্কোর নেতৃত্বে স্পেনের গৃহযুদ্ধ।

85. Why the Spanish Civil War called the stage rehearsal of the Second World War?

৮৫। স্পেনীয় গৃহযুদ্ধকে কেন 'দ্বিতীয় বিশ্বযুদ্ধের মহড়া' বলা হয়?

--- স্পেনের গৃহযুদ্ধের ফলাফল শুধু স্পেনে সীমাবদ্ধ ছিল না। এই যুদ্ধ তৎকালীন আন্তর্জাতিক রাজনীতিকে প্রভাবিত করেছিল। এই গৃহযুদ্ধ ফ্যাসীবাদী শক্তির প্রাধান্য প্রতিষ্ঠা করেছিল। হিটলার-মুসোলিনি জোট শক্তিশালী হইয়ে উঠেছিল। ইঙ্গ-ফরাসী শক্তির কূটনৈতিক পরাজয় ঘটেছিল এবং ইঙ্গ-ফরাসী তোষণ নীতি হিটলারকে সাহসী করে তুলেছিল। জার্মানী এইযুদ্ধে তার বিমান বাহিনী সহ অন্য অস্ত্রশস্ত্রের পরীক্ষা-নিরীক্ষার সুযোগ পেয়ে যায়। সর্বোপরি জাতিসংঘের অকার্যকারিতা প্রমাণিত হয়। এই যুদ্ধের পরই হিটলার তার লক্ষ্য পূরণের জন্য ক্রমশঃ অগ্রসর হয় এবং শেষ পর্যন্ত ১৯৩৯ সালে ১লা সেপ্টেম্বর পোল্যান্ড আক্রমণ করে, শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ, যার সূচনা হয়ে গিয়েছিল স্পেনের গৃহযুদ্ধের মাধ্যমেই। তাই এটি 'দ্বিতীয় বিশ্বযুদ্ধের মহড়া' বলে অভিহিত।

86. Name the historian who marked the Spanish Civil War as 'Little World War'?

৮৬। সেই ঐতিহাসিকের নাম লেখ, যিনি স্পেনের গৃহযুদ্ধকে 'ক্ষুদ্র বিশ্বযুদ্ধ' বলে চিহ্নিত করেছেন?

--- ঐতিহাসিক ল্যাংসাম স্পেনের গৃহযুদ্ধকে 'ক্ষুদ্র বিশ্বযুদ্ধ' বলে চিহ্নিত করেছেন।

87. Who wrote *For whom the Bell Tolls*? What was the theme of the book?

৮৭। 'ফর হুম দ্য বেল টোলস্' কে রচনা করেন? বইটির বিষয়বস্তু কী ছিল?

--- 'ফর হুম দ্য বেল টোলস্' রচনা করেন আর্নেস্ট হেমিংওয়ে। বইটির বিষয়বস্তু ছিল স্পেনের গৃহযুদ্ধ। কারন এই সময় বিশ্বের গণতন্ত্র প্রিয় বহু মানুষ ফ্যাসীবাদী শক্তির উত্থান রোধ করতে অগ্রসর হয়েছিলেন। আমেরিকা থেকেও বহু মানুষ স্বেচ্ছাসেবক হয়ে স্পেনে এসেছিলেন ফ্রাঙ্কোর বিরুদ্ধে পপুলার ফ্রন্টকে সমর্থন করার জন্য। লেখকও ওই দলে ছিলেন।

88. When and between whom the Anti-Comintern Pact was signed?

৮৮। কখন ও কাদের মধ্যে কমিন্টার্ণ-বিরোধী চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?

--- ১৯৩৬ সালের ২৫ শে নভেম্বর জার্মানি ও জাপানের মধ্যে কমিন্টার্ন-বিরোধী চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

89. When and between whom the Non-Aggression Pact was signed? Who were the signatories to it?

৮৯। কখন ও কাদের মধ্যে অনাক্রমণ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল? কারা এতে স্বাক্ষর করেছিলেন?

--- ১৯৩৯ সালের ২৩ শে আগষ্ট রাশিয়া ও জার্মানির মধ্যে অনাক্রমণ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। এই চুক্তিতে স্বাক্ষর করেছিলেন রুশ পররাষ্ট্রমন্ত্রী মলোটভ এবং জার্মান পররাষ্ট্রমন্ত্রী রিবেন্ট্রপ।

90. What is meant by the Policy of appeasement?

৯০। তোষণ নীতি বলতে কী বোঝায়?

--- সমাজতন্ত্রবাদী সোভিয়েত রাশিয়ার প্রতিষ্ঠা এবং জার্মানি ও ইটালীতে নাৎসী –ফ্যাসীবাদের উত্থান ঘটলে ইংল্যান্ড ও ফ্রান্সের কূটনীতিবিদরা মনে করেন জার্মানি-ইটালীর চেয়ে সোভিয়েত রাশিয়া বেশী বিপজ্জনক। তারা হিটলারকে সাম্যবাদের বিরুদ্ধে হাতিয়ার হিসাবে ব্যবহার করবেন ভেবেছিলেন। ভার্সাই চুক্তির সময় জার্মানি-ইটালীর প্রতি যে অন্যায় তারা করেছে তা এখন লাঘব করার চেষ্টা করা হয়। বিশ্ব শান্তির দোহাই দিয়ে তাদের কিছু দাবী মেনে নিতে ইঙ্গ-ফরাসী শক্তি রাজী ছিল। ভেবেছিল জার্মানি ক্রমশঃ পূর্বদিকে অগ্রসর হয়ে রাশিয়াকে আক্রমণ করবে, তাতে তাদের সুবিধাই হবে। ইঙ্গ-ফরাসী শক্তিদ্বয় দ্বারা অনুসৃত এই নীতি 'তোষণ নীতি' নামে পরিচিত। এই নীতির প্রবক্তা ছিলেন তৎকালীন বৃটিশ প্রধানমন্ত্রী নাভিল চেম্বারলেন। আবশ্য এই নীতির সূচনা হয়েছিল আরেক প্রধানমন্ত্রী স্ট্যানলি বল্ডউইন-এর সময় থেকে (১৯৩৫-৩৭খৃঃ)।

91. What do you understand by the Rome-Berlin-Tokyo Axis?

৯১। রোম-বার্লিন-টোকিও অক্ষশক্তি বলতে কি বোঝ?

--- দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে পৃথিবী দুটি শক্তিজোটে বিভক্ত হয়ে পড়েছিল। এর একটি হল রোম-বার্লিন-টোকিও অক্ষশক্তি। ১৯৩৫ সালে আবিসিনিয়ার ঘটনাকে কেন্দ্র করে ইটালী ও জার্মানির মৈত্রী গড়ে উঠেছিল। ১৯৩৬ সালে কমিন্টার্ণ-বিরোধী চুক্তি স্বাক্ষর করে জার্মানি ও জাপান চুক্তিবদ্ধ হয়ছিল। এরপর ১৯৩৭ সালের ৬ই নভেম্বর ইটালী এই কমিন্টার্ণ-বিরোধী চুক্তি স্বাক্ষর করলে গড়ে উঠে রোম-বার্লিন-টোকিও অক্ষশক্তি। এই শক্তিজোট অবশ্যই গণতন্ত্র-বিরোধী, সংকীর্ণ ও উগ্র-জাতীয়তাবাদী জোট ছিল।

92. Who were the Allied Powers?

৯২। মিত্রশক্তি কারা?

--- বৃটেন-ফ্রান্স ও সোভিয়েত রাশিয়ার জোটকে মিত্রশক্তি আখ্যা দেওয়া হয়েছিল।

93. What was the incident of 'a miracle of deliverance'?

৯৩। 'আশ্চর্যজনক নিষ্কৃতি' ঘটনাটি কী?

--- দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে ইঙ্গ-ফরাসী বাহিনীর বিপুল সংখ্যক সৈন্য (প্রায় ৩ লক্ষ ৩০ হাজার) ফ্রান্সের ডাঙ্কান বন্দরে হিটলারের বাহিনী দ্বারা অবরুদ্ধ হয়ে পড়েছিল। এই সময় জার্মান বাহিনীর বোমারু বিমান-কামানের আক্রমণকে সামলে প্রবল ঝুঁকি নিয়ে এই বিশাল ইঙ্গ-ফরাসী সৈন্যবাহিনীকে ইংলিশ চ্যানেল পার করে ইংল্যান্ডে আনা হয়েছিল। এই ঘটনাকে বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল 'আশ্চর্যজনক নিষ্কৃতি' বলে আখ্যা দিয়েছিলেন।

94. In which year was the 'Second Front' opened during the Second World War?

৯৪। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে কত খৃষ্টাব্দে 'দ্বিতীয় রণক্ষেত্র' উন্মুক্ত হয়েছিল?

--- ১৯৪৪ সালের ৬ই জুন মাসে দ্বিতীয় রণক্ষেত্র উন্মুক্ত হয়েছিল। ১৯৪৩ সালের কায়রো এবং তেহরান সম্মেলনে আরেকটি রণাঙ্গন খোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। এর প্রথম পদক্ষেপ হিসাবে জেনারেল আইসেনহাওয়ার মিত্রপক্ষের সেনাপতি নিযুক্ত হয়েছিলেন। ঐ সম্মেলনে স্থির হয়েছিল যে ৬ই জুন,১৯৪৪ সালে ফ্রান্সের নর্মান্ডিতে মিত্রপক্ষ সেনা সমাবেশ ঘটাবে।

95. What was *Blitzkrieg*?

৯৫। 'ব্লিৎসক্রিগ' কী?

--- জার্মান শব্দ ব্লিৎসক্রিগ-এর অর্থ বিদ্যুৎ গতির যুদ্ধ। হিটলার এই যুদ্ধ কৌশল গ্রহণ করে পোল্যান্ড দখল করে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু করেছিলেন। তার এই বিদ্যুৎ গতিতে পোল্যান্ড দখল সমগ্র বিশ্ববাসীকে চকিত করেছিল।

96. What were the Siegfried Line and Mezino Line?

৯৬। 'সিগফ্রীড্ লাইন' ও 'ম্যাজিনো লাইন' কী?

--- হিটলার ১৯৩৩ সালে জার্মানির ক্ষমতা দখল করেন। এরপরই তিনি ভার্সাই চুক্তি ও ইঙ্গ-ফরাসী-মার্কিন শক্তিকে উপেক্ষা করার নীতি গ্রহন করেন। ফ্রান্সের নিরাপত্তা সন্ধান বা নিরস্ত্রীকরণ সম্মেলনের প্রচেষ্টাগুলিকে অবজ্ঞা করেই হিটলার জার্মানির সামরিক প্রস্তুতি শুরু করেন। রাইনল্যান্ড অধিকার করে জার্মান সীমান্তকে সুরক্ষিত করার জন্য দুর্ভেদ্য দূর্গ প্রাকার 'সিগফ্রীড লাইন' নির্মাণ করেন।

হিটলারের 'সিগফ্রীড লাইন' নির্মাণ নিরাপত্তা সন্ধানী ফ্রান্সকে বিচলিত করে তুলেছিল। তাই নিজের সীমান্ত সুরক্ষিত করার জন্য 'ম্যাজিনো লাইন' নির্মান করে। 'সিগফ্রীড লাইন' ও 'ম্যাজিনো লাইন' দুটিই সীমান্ত অঞ্চলের দূর্গ ও দূর্গ-প্রাকার।

97. How did A. J. P. Taylor try to minimize the responsibility of Hitler for the outbreak o the Second World War?

৯৭। এ. জে. পি. টেলর কিভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধ সংঘটনে হিটলারের দায়িত্বকে লঘু করার চেষ্টা করেছেন?

--- এ জের পি টেলর মনে করেন হিটলার পরিকল্পিতভাবে যুদ্ধ শুরু করেননি। জার্মান ভাষা-ভাষি মানুষদের বসবাসে জন্য জার্মান সাম্রাজ্য প্রতিষ্ঠা করাই ছিল তার মূল উদ্দেশ্য। ইঙ্গ-ফরাসী তোষণ নীতি হিটলারের আকাঙ্খা বাড়িয়ে দিয়েছিল। তাই টেলর ইঙ্গ-ফরাসী তোষণ নীতিকেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য দায়ী করে হিটলারের দায়িত্বকে লঘু করার চেষ্টা করেছেন।

98. What is Atlantic Charter? Which countries were its signatories?

৯৮। আটলান্টিক সনদ কী? কোন্ কোন্ দেশ এর স্বাক্ষরকারী ছিল?

--- দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সময়েই ভবিষ্যতের আন্তর্জাতিক শান্তি ও ভারসাম্য বজায় রাখার জন্য বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট আটলান্টিক মহাসাগরে একটি জাহাজে মিলিত হয়ে একটি সনদে স্বাক্ষর করেন, যা 'আটলান্টিক চার্টার' বা 'আটলান্টিক সনদ' নামে পরিচিত। ১৯৪১ সালের আগষ্ট মাসে আটলান্টিক চার্টারে স্বাক্ষরকারী দেশ ছিল ইংল্যান্ড ও মার্কিন যুক্তরাষ্ট্র। ১৯৪২ সালের জানুয়ারী মাসের মধ্যে আরও ২৬ টি দেশ এই সনদ গ্রহণ করেছিল।

99. When did the Tehran/ Yalta/ Potsdam conference held?

৯৯। কখন তেহেরান/ ইয়াল্টা/পোটস্‌ডাম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল?

--- তেহরান সম্মেলনঃ ১৯৪৩ সালের ১লা ডিসেম্বর মাসে বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট ও সোভিয়েত রাশিয়ার প্রধান স্তালিন তেহরানে এক সম্মেলনে মিলিত হয়ে যুদ্ধ সম্পর্কে এবং যুদ্ধ শেষ হলে যে পরিস্থিতি তৈরী হবে সে সম্পর্কে আলোচনা করেন। যুদ্ধান্তে বিশ্বে শান্তি প্রতিষ্ঠার বিষয়েও চর্চা হয়। যুদ্ধাবসানের পর বিশ্বের সমস্ত রাষ্ট্রের সহযোগীতায় অত্যাচার-অনাচার-নিপীড়ন দূর করে বিশ্বজুড়ে এক বৃহৎ পরিবার-রাষ্ট্র গঠনের সংকল্প ঘোষণা করা হয়েছিল। এই ঘোষণায় একটি আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠার কথাও বলা হয়েছিল।

ইয়াল্টা সম্মেলনঃ ১৯৪৫ সালের ফেব্রুয়ারী মাসে ক্রিমিয়ার ইয়াল্টা নামক স্থানে বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট ও সোভিয়েত রাশিয়ার প্রধান স্তালিন এক সম্মেলনে মিলিত হন। এই সম্মেলনে ভেটো সমস্যা নিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল এবং পরবর্তী সম্মেলনের দিন ও স্থান ঠিক করা হয়েছিল।

পোটস্‌ডাম সম্মেলনঃ ১৯৪৫ সালের জুলাই মাসে জার্মানীর পতনের পর জার্মানির পোটস্‌ডাম শহরে মিত্রপক্ষের শীর্ষ সম্মেলন অনুষ্ঠীত হয়। ইতিমধ্যে পূর্বতন নেতৃত্বের পরিবর্তন ঘটে গিয়েছিল। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট-এর আকস্মিক মৃত্যুর ফলে উপ-রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান রাষ্ট্রপতি হন, অন্যদিকে বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল-এর স্থলাভিষিক্ত হন শ্রমিক দলের নেতা এটলি। একমাত্র সোভিয়েত রাশিয়ার প্রধান স্তালিন পুরাতন রাষ্ট্র-নায়কদের মধ্যে অংশ গ্রহন করেছিলেন।

100. Mention the date of the formation of the UNO.

১০০। সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠার তারিখ উল্লেখ কর।

--- ১৯৪৫ সালের ২৪ শে অক্টোবর সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা দিবস হিসাবে গৃহিত হয়েছে।

101. How many states signed the charter of UNO in 1945 and who was its first Secretary-general?

১০১। ১৯৪৫ সালে UNO সনদে ক'টি রাষ্ট্র স্বাক্ষর করেছিল এবং এর প্রথম সেক্রেটারী জেনারেল কে ছিলেন?

---১৯৪৫ সালে UNO সনদে ৫১টি রাষ্ট্র স্বাক্ষর করেছিল এবং এর প্রথম সেক্রেটারী জেনারেল ছিলেন নরওয়ের প্রাক্তন পররাষ্ট্রমন্ত্রী ট্রিগভি-লি।

102. What are the full forms of UNESCO, UNICEF, WHO, IMF and FAO?

১০২। UNESCO, UNICEF, WHO, IMF and FAO - পূর্ণ রূপ কী?

--- UNESCOপূর্ণ রূপঃ United Nations Educational Scientific and Cultural Organization.
UNICEF পূর্ণ রূপ: United Nations International Children's Emergency Fund
WHO পূর্ণ রূপঃ World Health Organization.
IMF পূর্ণ রূপঃ International Monetary Fund
FAO পূর্ণ রূপঃ Food and Agricultural Organization

103. What is the full form of UNRRA? Why was it formed?

১০৩। UNRRA-এর পূর্ণ রূপ কী? এটি কেন গঠিত হয়েছিল?

--- UNRRA-এর পূর্ণ রূপ United nations Relief and Rehabilitation Administration. ১৯৪৩ সালের নভেম্বর মাসে মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন শহরে 'জাতিপুঞ্জ ত্রান ও পুনর্বাসন প্রশাসন' স্থাপিত হয়েছিল। বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল এই সংগঠনের প্রতিষ্ঠার জন্য প্রধান উদ্যোগ নিলেও গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছিলেন ইংল্যান্ডের স্যার ফ্রেডারিক লেইথ রস এবং আমেরিকার ডিন একিসন।
এই সংস্থা গঠিত হয়েছিল জার্মানির অধীনতা থেকে মুক্ত দেশগুলিকে প্রাথমিকভাবে অর্থ সাহায্য করার জন্য। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিপর্যস্ত দেশগুলির ভেঙ্গেপড়া অর্থনীতিকে পুণর্গঠনে সাহায্য করার দায়িত্ব গ্রহণ করেছিল।

104. Who authored the book *The Origins of the First World War*?

১০৪। *The Origins of the First World War* গ্রন্থের লেখক কে?

--- *The Origins of the First World War* গ্রন্থের লেখক বি এফ ফে।

105. Who authored the book *The Origins of the Second World War*?
১০৫। *The Origins of the Second World War* গ্রন্থের লেখক কে?
--- *The Origins of the Second World War* গ্রন্থের লেখক এ জ পি টেলর।

106. Who authored the book *Struggle for the Mastery of Europe*?
১০৬। *Struggle for the Mastery of Europe* গ্রন্থের লেখক কে?
--- *Struggle for the Mastery of Europe* গ্রন্থের লেখক এ যে পি টেলর।

107. Who authored the book *Hitler- A Study in Tyranny*?
১০৭। *Hitler- A Study in Tyranny* গ্রন্থের লেখক কে?
--- *Hitler- A Study in Tyranny* গ্রন্থের লেখক এলান বুলাক।

108. Who authored the book "Gathering Storm"?
১০৮। ''গ্যাদারিং স্টর্ম'' গ্রন্থটির লেখক কে?
--- ''গ্যাদারিং স্টর্ম'' গ্রন্থের লেখক বৃটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল।

109. By which incident the Second World War started and when?
১০৯। কোন ঘটনার মাধ্যমে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়েছিল এবং কখন?
---- হিটলারের ম্যুনিখ চুক্তি ভঙ্গ করে পোল্যান্ড আক্রমণের মাধ্যমেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়েছিল। **১৯৩৯** সালের **১**লা সেপ্টেম্বর জার্মানি পোল্যান্ড আক্রমণ করেছিল। ৩রা সেপ্টেম্বর ইঙ্গ-ফরাসী শক্তি হিটলারের বিরুদ্ধে পোল্যন্ডের পক্ষে যুদ্ধ ঘোষণা করেছিল।

110. What happened at Pearl Harbur in 7th Deceber, 1941?
১১০। ১৯৪১ সালের ৭ই ডিসেম্বর পার্ল হারবারে কি ঘটেছিল?
--- প্রশান্ত মহাসাগরে অবস্থিত হাওয়াই দ্বীপপুঞ্জের পার্ল হারবার ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ নৌঘাঁটি। **১৯৪১** সালের ৭ই ডিসেম্বর জাপানি নৌ-বহর এবং যুদ্ধ-বিমান পার্ল হারবার আক্রমণ করে এবং ধ্বংস করে দেয়। এই আক্রমণের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র ৮ই ডিসেম্বর জাপান আক্রমণ করে এবং প্রাচ্য ভূখন্ডে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়।